উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

সেপ্টেম্বর/২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ০৯/০৯/২০২১ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা নির্বাহী অফিসার ,শান্তিগঞ্জ উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | | | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | | | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | | | |
| | ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর আগস্ট/২০২১ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- | |
| | ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর আগস্ট/২০২১ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- | |
| | ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর আগস্ট/২০২১ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- | |
| | ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের আগস্ট/২০২১ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- | |
| | ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের আগস্ট/২০২১ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- | |
| | ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের জুলাই/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- | |
| | ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর আগস্ট/২০২১ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর আগস্ট/২০২১ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর আগস্ট/২০২১ মাসের মজুরী | ১৭০৫০/- | |

| | | |
|---|---|---|
| ১০ | জনাব আবু রয়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর আগস্ট/২০২১ মাসের মজুরী বিল। | ১৭০৫০/- |
| ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর আগস্ট/২০২১ মাসের মাসের মজুরী বিল | ১৭০৫০/- |
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর আগস্ট/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- |
| ১৩ | উপজেলা পরিষদের আগস্ট/২০২১ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য আগস্ট/২০২১ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে ০৩ টি ইউনিয়ন হতে এডিপি প্রকল্পের তালিকা পাওয়া গেছে। যে সকল ইউপি হতে তালিকা প্রেরণ করা হয়নি তাদেরকে জরুরী ভিত্তিতে প্রকল্পের তালিকা প্রেরণের জন্য সভায় অনুরোধ করা হয়। এডিপির বিভাজন অনুযায়ী প্রকল্পের তালিকা দাখিল করতে হবে। শুধুমাত্র অবকাঠামো সংক্রান্ত প্রকল্প দাখিল না করে এডিপির নীতিমালা অনুযায়ী সকল বিভাগের প্রয়োজন অনুযায়ী প্রকল্প দাখিল করার জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার অনুরোধ করেন। অত্র উপজেলায় নতুন কোন স্থাপনা করতে হলে যাথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ভাইস চেয়ারম্যানগণ সভায় আলোচনা করেন যে, শান্তিগঞ্জ উপজেলাকে মডেল উপজেলা হিসেবে গড়ে তুলতে হলে আধুনিক নগর পরিকল্পনা গ্রহণ করা জরুরী। এ বিষয়ে জনাব এম এ মান্নান, মাননীয় পরিকল্পনা মন্ত্রী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এঁর সদয় নির্দেশনামতে নগর পরিকল্পনা বিশেষজ্ঞগণের সহযোগিতায় একটি মাস্টার প্ল্যান তৈরি করতে হবে। বিশেষত উপজেলা সদর এলাকায় কেউ যাতে যত্রতত্র স্থাপনা তৈরি করতে না পারে এ বিষয়ে সংশ্লিষ্ঠ কমিটিকে কার্যকর ভূমিকা পালনের জন্য অনুরোধ করা হয়। উপজেলা কমিটির প্রত্যয়ণ ব্যতিত নতুন কোন স্থাপনাতে বিদ্যুৎ সংযোগ না দেওয়ার জন্য সভায় আলোচনা করা হয়। উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের মেরামত, রং করণ ও সাউন্ড সিস্টেম মেরামতের কাজ সম্পাদন করা হয়েছে। উক্ত কাজের ব্যয় বাবদ ৬,০০,০০০/-(ছয় লক্ষ) টাকার বিল দাখিল করা হয়েছে। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ১। ৩০ সেপ্টেম্বর এর মধ্যে ২০২১-২০২২ অর্থবছরের এডিপি প্রকল্পের তালিকা প্রেরণ করতে হবে।<br>২। উপজেলায় নতুন বাড়ী করার পূর্বে পরিষদের অনুমতি নেয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং উপজেলা কমিটির প্রত্যয়ণ ব্যতিত বিদ্যুৎ সংযোগ দেওয়া যাবে না।<br>৩. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর আলোকে সম্মেলন কক্ষের মেরামত, রং করণ ও সাউন্ড সিস্টেম মেরামতের ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ<br>২। চেয়ারম্যান ইউপি (সকল), উপজেলা ভাইস<br>৩। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ ও এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি,শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | করোনা ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে। এস এম এস ব্যতিত কাউকে টিকা প্রদান করা হয়না। সবাইকে করোনা ভ্যাকসিন ২য় ডোজ যথাসময়ে নেওয়ার জন্য অনুরোধ করা হয়। | ১) আপাততঃ এসএমএস না পেলে কেউ টীকা নিতে যেন কেন্দ্রে না আসেন সে বিষয়ে সকলকে সচেতন | ১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা |

| | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ০-৪৫ দিনের মধ্যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের তত্ত্বধানে যে সকল শিশুকে টীকা দেওয়া হয় সে সকল শিশুদের একটি তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। ০-৪৫ দিনের শিশুদের জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করতে উপজেলা স্বাস্থ্য পঃপঃকর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয়। | করতে হবে।<br>২) ০-৪৫ দিনের মধ্যে যে শিশুদের টীকা দেওয়া হয় সে সকল শিশুদের জন্ম নিবন্ধন ফরম প্রদান করতে হবে ও নামের তালিকা ফোন নম্বরসহ প্রতি মাসের ১৫ ও ৩০ তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরের টি আর ও কাবিখা'র বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। যে সকল ইউনিয়ন পরিষদ হতে ত্রাণ বিতরণের মাস্টার রোল পাওয়া যায় যায়নি তাদেরকে জরুরী ভিত্তিতে তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | ১) জরুরী ভিত্তিতে প্রকল্প দাখিল করতে হবে।<br>২) বিতরণকৃত ত্রাণের মাস্টাররোল এ মাসের মধ্যেই প্রেরণ করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ।<br>২। ইউপি চেয়ারম্যান, শান্তিগঞ্জ (সকল) |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, বরাদ্দকৃত ৪০০০ টিউবওয়েল এর মধ্যে ৩০০০ টিউবওয়েলের কাজ শেষ করা হয়েছে। বাকী ১০০০ টিউবওয়েলের কাজ বিভিন্ন সমস্যার কারণে শেষ করা যাচ্ছে না। অত্র উপজেলায় ৩০০০ টয়লেটের কাজ সম্পন্ন করা হয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ জানান যে, টয়লেট নির্মাণের সময় ঠিকাদারগণ সুবিধাভোগীদের নিকট হতে মালামাল পরিবহন খরচ দাবী করেন মর্মে অভিযোগ পাওয়া যায়। এই বিষয়ে তদারকি করার উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, শান্তিগঞ্জ কে অনুরোধ করা হয়। | ১) অসমাপ্তকৃত ১০০০ টিউবওয়েলের কাজ দ্রুত সমাধান করতে হবে। ২) ঠিকাদারগণ সুবিধাভোগীদের নিকট হতে মালামাল পরিবহন খরচ দাবীর বিষয়টি তদন্ত করে কার্যকর ব্যবস্থা নিতে হবে। | ১) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, অত্র উপজেলায় ২০৪৫ হেঃ আমন আবাদ হয়েছে। বোরো মৌসুমের জন্য প্রস্তুতি চলমান আছে উন্নত জাতের ধানের প্রদর্শনী বীজতলা প্রস্তুত হয়েছে। কৃষক পর্যায়ে পরামর্শ প্রক্রিয়া চলমান রয়েছে। | ১) চলমান প্রকল্প সমূহের অগ্রগতি নিয়মিত মাসিক সভাকে অবহিত করতে হবে। বোরো মৌসুমে ফসলের কোন ধরণের ক্ষতি না হয় এজন্য কৃষকদের আগাম পরামর্শ প্রদান করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ইউনিয়ন পর্যায়ে ০২ টি মৎস্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ০১ টি দেখারহাওরে অপরটি সাংহাই হাওরে বাস্তবায়ন করা হবে। হাওরে মৎস্য অবমুক্ত করার পর পোনা মাছ নিধন না করার জন্য নির্দিষ্ট অভয়াশ্রম তৈরি করার জন্য আলোচনা করা হয়। | ১) পোনা মাছ নিধন না করার জন্য নির্দিষ্ট স্থানে অভয়াশ্রম তৈরি করতে হবে।<br>২) চলমান প্রকল্পসমূহে বিশেষ করে যে প্রকল্পসমূহে উপজেলা পরিষদের কোন সংশ্লেষ নেই সেগুলোতে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউপি চেয়ারম্যানগণকে অন্তর্ভুক্ত করতে হবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা<br>২) উপজেলা মৎস্য কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

| ক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে পরিবার পরিকল্পনার লাইগেশন ও অন্যান্য স্থায়ী পদ্ধতির অপারেশন এর জন্য জেলা সদরে যেতে হয়। জন্ম নিয়ন্ত্রণের স্থায়ী পদ্ধতি ব্যবহারে উপজেল স্বাস্থ্য কমপ্লেক্সের একটি কক্ষ ব্যবহারের অনুমতি প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা,শান্তিগঞ্জকে অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা বলেন মন্ত্রণালয়ের অনুমতি ব্যতিরেকে কক্ষ ব্যবহারের অনুমোদন দেওয়ার যাবে না। চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, অত্র উপজেলায় জন্ম নিয়ন্ত্রণের হার আশা ব্যাঞ্জক নয়। বিভিন্ন গ্রামে পরিদর্শনকালে দেখা যায় যে, একটি পরিবারে ৭/৮ জন বা ততোধিক ছেলে মেয়ে রয়েছে এবং পরিবারের সদস্যসংখ্যা ১০-১২ জন এভাবে চলতে থাকলে জনসাধারণ অপুষ্টিজনিত ও বিভিন্ন সমস্যায় ভোগবে। এ বিষয়ে মাঠকর্মীদের কার্যক্রর পদক্ষেপ নেওয়ার জন্য সভায় অনুরোধ করা হয়। | ১) প্রতিমাসে সামগ্রিক কর্মকান্ডের একটি পরিসংখ্যান সভায় উপস্থাপন করতে হবে।<br>২. জন্ম নিবন্ধনের স্থায়ী পদ্ধতির অপারেশন এর জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে খালি থাকা সাপেক্ষে একটি কক্ষ ব্যবহারের অনুমতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের মাঠকর্মীদের সঠিকভাবে জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি কার্যকর করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা যায় নি। সভাপতি তার ধারাবাহিক অনুপস্থিতির বিষয়ে বিস্ময় প্রকাশ করেন। তিনি আরও বলেন যে, গত দুই মাস তিনি অনুপস্থিত থাকায় নতুন অর্থবছরে প্রাণীসম্পদ বিভাগের কার্যক্রম সম্পর্কে আমরা কোন ধারণাই পাচ্ছি না যা এই ক্ষেত্রের উন্নয়ন কার্যক্রমকে বাঁধাগ্রস্ত করবে। | ১) কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, সরকারি নির্দেশনামতে স্বাস্থ্যবিধি মেনে অত্র উপজেলার সকল প্রাইমারি স্কুল খোলা হয়েছে। পাঠদান শুরু হওয়ার পূর্বে শ্রেণি কক্ষ পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা হয়েছে। স্বাস্থ্য বিধি অনুসরণে শিক্ষকদের কঠোর নির্দেশনা প্রদান করা হয়েছে। জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কিছু কিছু স্কুলের টিউবওয়েলে পানি আসেনা এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হয়। যে সকল কর্মকর্তাগন বিভিন্ন সরকারি কাজে উপজেলার বিভিন্ন গ্রামে পরিদর্শন করেন। পরিদর্শনকালে নিকটবর্তী প্রাইমারি স্কুল পরিদর্শনের জন্য অনুরোধ করেন। | ১. স্বাস্থ্যবিধি অনুসরণে উপজেলা শিক্ষা অফিসারকে কঠোর হতে হবে।<br>২. যে সকল স্কুলের টিউবওয়েলে পানি আসেনা তার তালিকা জমা দিতে হবে এবং ত্রুটিপূর্ণ টিউবওয়েল মেরামত করতে হবে।<br>৩. যে সকল কর্মকর্তাগন বিভিন্ন সরকারি কাজে উপজেলার বিভিন্ন গ্রামে পরিদর্শন করেন, পরিদর্শনকালে নিকটবর্তী প্রাইমারি স্কুল পরিদর্শন করতে হবে। | ১. উপজেলা শিক্ষা কর্মকর্তা ,শান্তিগঞ্জ।<br>২. উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, কোভিড-১৯ পরিস্থিতির পর সরকারি নির্দেশনা বাস্তবায়নে সকল মাধ্যমিক বিদ্যালয় শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। সপ্তাহে ০২ দিন ক্লাস হচ্ছে। এস এস সি শিক্ষার্থীদের প্রতিদিন ক্লাস হচ্ছে। ইউনিক আইডি কার্ড প্রণয়নের কাজ চলমান রয়েছে। এই প্রকল্প বাস্তবায়নে অনলাইন জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে। অনলাইন জন্ম নিবন্ধনে সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে সচেষ্ট থাকা প্রয়োজন। | ১. শিক্ষার্থীদের অনলাইন জন্ম নিবন্ধনের সহযোগিতা করতে হবে এবং ভ্যাকসিন গ্রহণ ও ভ্যাকসিন কার্যক্রমে সহযোগিতা করতে হবে।<br>২। মান সম্পন্ন শিক্ষা নিশ্চিতকল্পে মনিটরিং কার্যক্রম বাড়াতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান, শান্তিগঞ্জ (সকল) |

| ক্র | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সরকারি রাজস্ব আদায় অব্যাহত রয়েছে। অডিট কার্যক্রম চলমান। এ পর্যন্ত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা সরকারি কোষাগারে জমা করা হয়েছে। কার্যক্রম স্বাভাবিক। | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলার মোট বরাদ্দ ৬৭ জন। জয়কলস ইউপিতে ৩২ জন এবং অন্য সকল ইউপিতে ০৫ জন করে মোট ৩৫ জন। কমিটির মাধ্যমে সকল ইউপিতে প্রাথমিকভাবে বাছাইকৃত তালিকা আগামী ৩০/৯/২০২১ তারিখের মধ্যে ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ তালিকা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচীর আওতায় ০৫ টি আদি পেশার ১২৩ জন প্রশিক্ষাণার্থীকে প্রশিক্ষণ শেষে পেশার মানোন্নয়নে মাথাপিছু ১৮,০০০/- টাকা করে মোট ২২,১৪,০০০/- টাকা ১০ সেপ্টেম্বর,২০২১ তারিখ মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে বিতরণ করা হয়েছে। | ১) আগামী ৩০/৯/২০২১ তারিখের মধ্যে ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার তালিকা প্রেরণ করতে হবে।<br><br>২) চলমান প্রকল্প সমূহের অগ্রগতি নিয়মিত মাসিক সভাকে অবহিত করতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা।<br><br>২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,শান্তিগঞ্জ জানান যে, আগামী মাসের প্রথম সপ্তাহে ৬০০০ পারিবারিক সাইলো (মটকা) বিতরণ করা হবে। উপকারভোগীদের যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। নির্মাণাধীন খাদ্য গুদামের বাউন্ডারী দেওয়াল ফেটে হেলে পড়েছে। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ পরিদর্শন করে গেছেন। দেওয়াল মেরামতের প্রক্রিয়া চলমান রয়েছে।<br>১০ টাকা কেজি চালের উপকারভোগীদের তালিকা হালনাগাদের কার্যক্রম চলমান আছে। | ১) পারিবারিক সাইলো সঠিকভাবে উপকারভোগীদের মাঝে বিতরণ করতে হবে।<br>২) ১০ টাকা কেজি চালের উপকারভোগীদের তালিকা হালনাগাদের কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। | ১) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার নির্দেশনা প্রদান করেন যে, মার্তৃত্বকালীন ভাতা সুবিধাভোগীদেরকে জন্ম নিবন্ধনের বিষয়টি সম্পর্কে অবহিত করতে হবে এবং জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মার্তৃত্বকালীন ভাতা সুবিধাভোগীদেরকে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, বর্তমানে ১৬টি ট্রেডে ট্রেনিং চলমান রয়েছে। বরাদ্দ না থাকায় প্রকল্প গ্রহণ করা যাচ্ছে না। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প গ্রহণ করা হবে। বাস্তবসম্মত ট্রেডে প্রশিক্ষন দেওয়ার | প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী নির্বাচনের বিষয়ে পরিষদের সাথে | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| ক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | জন্য সভায় আলোচনা করা হয়। প্রশিক্ষণার্থী নির্বাচনে আবশ্যিকভাবে উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যানবৃন্দকে সম্পৃক্ত করার বিষয়ে আলোচনা করা হয়। | আলোচনাপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় জানান পল্লী সঞ্চয় ব্যাংকের বর্ধিত অংশের কিছু কাজ এখনো সমাপ্ত হয়নি। অসমাপ্ত কাজ সমাপ্ত করতে আনুমানিক ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা প্রয়োজন মর্মে উপ-সহকারী প্রকৌশলী,শান্তিগঞ্জ জানান। প্রয়োজনীয় অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানানা যে, উপজেলা পরিষদের আয় স্বল্পতার কারণে রাজস্ব তহবিল হতে উক্ত ব্যয় করা সম্ভব নয়। অসাপ্ত কাজের প্রাক্কলন প্রস্তুত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণের জন্য সভায় ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক কে অনুরোধ করা হয়। | ১. অসমাপ্ত কাজের প্রাক্কলন প্রস্তুত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১ | বিবিধ আলোচনা | ক) সভায় চেয়ারম্যন উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ জানান যে, উপজেলা পরিষদের মাসক সমন্বয় সভার তারিখ ও সময় জানানোর পরও কিছু অফিস প্রধানগণ উপজেলা পরিষদের অনুমতি ব্যতিরেকে প্রায়শই সভায় অনুপস্থিত থাকেন এবং অনেকেই সভা চলাকালীন সময়ে সভাস্থল ত্যাগ করেন। ইতোপূর্বে এ বিষয়ে মাসিক সমন্বয় সভার সকল সদস্যবৃন্দকে সতর্ক করা হয়। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে অনুরোধ করেন যে, জরুরি কারণে কেউ উপস্থিত হতে না পারলেও অন্তত উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করতে হবে। অনুপস্থিতির কারণ সন্তোষজন না হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার নাম পরিবর্তন করে “শান্তিগঞ্জ” হওয়ায় উপজেলার সকল দপ্তর নিজ নিজ দায়িত্বে সকল স্থরে উপজেলার নাম “শান্তিগঞ্জ” ব্যবহার করবেন। দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার পরিবর্তে উপজেলার নাম “শান্তিগঞ্জ” লিখে পত্র প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য স্ব-স্ব কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণের জন্য সভায় আলোচনা করা হয়।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ সভায় জানান যে, বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ প্রকাশনার কাজ চলমান রয়েছে। স্ব-স্ব দপ্তর নির্ধারিত ফরমে জরুরী ভিত্তিতে বার্ষিক প্রতিবেদন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করেন।<br>(ঘ) ট্রিপল থ্রী (৩৩৩) এ ফোনের মাধ্যমে জরুরী ভিত্তিতে খাদ্য সহায়তা পৌছে দেওয়া হয়। অত্র উপজেলায় ৩৩৩ নাম্বারে তেমন ফোন আসেনা। যে সকল জনসাধারণের খাদ্যাভাব ও অন্যান্য জরুরী | ১. যে সকল কর্মকর্তাগণ/সদস্যগণ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে উপজেলা পরিষদের মাসিক সভায় অনুপস্থিত তাঁদেরকে অনুপস্থিতির কারণ উপজেলা পরিষদকে লিখিতভাবে জানাতে হবে।<br>২. উপজেলার সকল দপ্তর নিজ নিজ দায়িত্বে সকল স্থরে উপজেলার নাম “শান্তিগঞ্জ” ব্যবহার করবেন। বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষকে লিখিত ভাবে অবহিত করবেন।<br>৩. স্ব-স্ব দপ্তর নির্ধারিত ফরমে জরুরী ভিত্তিতে বার্ষিক প্রতিবেদন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসারের | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২. উপজেলা কর্মকর্তা,শান্তিগঞ্জ<br>৩। উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল। |

| ক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সহায়তার প্রয়োজনীয়তা রয়েছে সে সকল জনসাধারণকে ট্রিপল থ্রী (৩৩৩) নাম্বারে ফোন দেওয়ার জন্য উৎসাহিত করা যেতে পারে। ৩৩৩ ফোন দেওয়ার জন্য প্রচারনার বিষয়ে বিষয়ে ইউপি চেয়ারম্যানগণকে ইউনিয়ন পর্যায়ে উদ্বৃত্ত করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার জানান যে এ খাতে পর্যাপ্ত বরাদ্দ রয়েছে। জনসাধারণকে জরুরী ভিত্তিতে খাদ্য সহায়তা পেতে ট্রিপল থ্রী (৩৩৩) তে কল করার জন্য উৎসাহিত করতে হবে। | কার্যালয়ে দাখিল করবেন।<br><br>৪. ইউপি চেয়াম্যান ও সংশ্লিষ্ট সকলকে জরুরী খাদ্য সহায়তার জন্য ৩৩৩ নাম্বারের ব্যপক প্রচারণার করতে হবে। | ৫. ইউপি চেয়ারম্যান (সকল) |
| | | (ঙ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের (স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা) ২৩/১১/২০২০ তারিখের ৪৬.০১৭.০১৮.০০.০০.০০৯.২০১১.৫২৯ নং স্মারকমূলে নির্দেশনা প্রদান করেছেন যে, হাট বাজার ইজারালব্দ আয়ের অবশিষ্ঠ ৪১% অর্থ হতে ইউনিয়ন পরিষদ কর্মচারীদের ইউপি অংশের বেতন ভাতাদি পরিশোধের লক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ক্রমিক-৪ অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য বলা হয়েছে। পত্রটি সভায় উপস্থাপন করা হয় এবং চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয়। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ ইউপি চেয়ারম্যানগণকে বলেন আপনাদের ইউনিয়ন ট্যাক্স আদায়ের হার অত্যন্ত কম। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে সচেষ্ট হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। উপজেলা রাজস্ব তহবিলের স্বল্পতা থাকায় গ্রাম পুলিশদের বেতন ভাতা বাবদ পর্যাপ্ত অর্থ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা সম্ভব নয়। উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, প্রতিমাসে গ্রামপুলিশদের মাসিক বেতনভাতা বাবদ ২,৫০,০০০/- টাকা প্রয়োজন। সার্বিক দিক বিবেচনায় উপজেলা রাজস্ব তহবিল হতে গ্রামপুলিশদের মাসিক বেতনভাতা পরিশোধের নিমিত্ত হাট বাজার ইজারালব্দ অর্থের ৪১% যা উপজেলা রাজস্ব তহবিলে জমা আছে উক্ত জমাকৃত অর্থ হতে ২,৫০,০০০/- টাকা মঞ্জুরীর জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবরে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | ৫. উপজেলা রাজস্ব তহবিল হতে গ্রামপুলিশদের মাসিক বেতনভাতা পরিশোধের নিমিত্ত হাট বাজার ইজারালব্দ অর্থের ৪১% যা উপজেলা রাজস্ব তহবিলে জমা আছে উক্ত জমাকৃত অর্থ হতে ২,৫০,০০০/-টাকা বিতরণের অনুমতির জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | ৬. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ। |
| | | (চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপগাড়িটি (নং-১১-০০৩০) জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর আলোকে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে জীপগাড়িটি রক্ষণাবেক্ষণ/মেরামত করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৬. উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর আলোকে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে জীবগাড়িটি রক্ষণাবেক্ষণ/মেরামত করতে হবে। | ৭. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ। |
| | | (ছ) জনাব হোসাইন আহমেদ বিপ্লব, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর( ইউডিএফ) সভায় উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি উপস্থাপন করেন। তিনি জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন এবং জাইকার আর্থিক সহযোগিতায় পরিচালিত ইউজিডিপি সক্ষমতা যাচাইয়ের ভিত্তিতে ৫ম পর্যায়ে শান্তিগঞ্জ | (ছ) প্রকল্পের অর্থ পাওয়ার জন্য নির্দেশনামতে অগ্রণী ব্যাংকে হিসাব খোলতে | |

| ...ক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | উপজেলায় অতিরিক্ত উন্নয়ন সহায়তা হিসেবে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যাবে (ভ্যাট ও আইটি ব্যাতিত)। প্রকল্পের অর্থ পাওয়ার জন্য নির্দেশনামতে অগ্রণী ব্যাংকে হিসাব খোলতে হবে। দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অত্র উপজেলা পরিষদে একটি কক্ষ বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়। তিনি বলেন উপজেলা পরিষদের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের ক্ষেত্রে একজন প্রসেস ফ্যাসিলিটেটর হিসেবে কাজ করবেন তাই উপজেলার বিভিন্ন সভা ও অন্যান্য ক্ষেত্রে একজন অবজারভার বা কো-আপ্ট সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করার জন্য সভায় অনুরোধ করেন। এছাড়া সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প ও অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাবনা প্রকল্প পরিচালকের বরাবরে প্রেরণের জন্য বলা হয়েছে। তাই যথাযথ নিয়মে চাহিদা মোতাবেক উপ-প্রকল্প প্রস্তুত,গ্রহণ, অনুমোদন ও প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ ও অনুরোধ করেন।<br>(জ) উপজেলা নির্বাহী অফিসার সকল বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট উপজেলা স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা আয়োজন করে কার্যকর সুপারিশ প্রেরণের জন্য অনুরোধ করেন। | অবজারভার বা কো-আপ্ট সদস্য হিসেবে জনাব হোসাইন আহমেদ বিপ্লব, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর( ইউডিএফ) অন্তর্ভূক্ত করতে হবে। যথাযথ নিয়মে চাহিদা মোতাবেক উপ-প্রকল্প প্রস্তুত,গ্রহণ, অনুমোদন ও প্রেরণ করতে হবে<br>(জ)স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিবগণকে নিয়মিত সভা আয়োজন করতে হবে। | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০৯১১.০০০.১১.০৩৬.২১- ২৭ (৫০)

তারিখ: ১২।৯।২০২১খ্রি:

<u>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :</u>

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৭. উপজেলা .................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৮. চেয়ারম্যান ................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা.............................................................................................

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ